বিজ্ঞপ্তি
২০ ডিসেম্বর ২০১০

Department of Education

Joel I. Klein
Chancellor

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট চার্টার স্কুল (84K780) এর K009 ভবনে প্রস্তাবিত স্থানান্তরণ ও বিদ্যমান স্কুল পিএস ৯(13K009) ও এমএস ৫৭১ (13K571) এর সাথে সহাবস্থান

I. বিবেচনাধীন প্রস্তাবিত বিষয়ের বর্ণনা ও উদ্দেশ্য।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই") ব্রুকলিন ইস্ট কলেজিয়েট চার্টার স্কুল (84K780, "ব্রুকলিন ইস্ট কলেজিয়েট")-কে তার বর্তমান কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ১৭স্থ 1485 Pacific Street, Brooklyn, NY 11216 ঠিকানা থেকে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ১৩-র 1485 Pacific Street, Brooklyn, NY 11216 ঠিকানায় কে০০৯ ভবন ("কে০০৯")-এ স্থানান্তরের প্রস্তাব করছে। পঞ্চম গ্রেডে ৮০জন শিক্ষার্থীকে পরিষেবাদানকারী বিদ্যমান ব্রুকলিন ইস্ট কলেজিয়েট স্কুল কে০০৯ ভবনে বিদ্যমান ডিওই জোনভূক্ত কে-৫ এলিমেন্টারি স্কুল, পিএস ৯ টেউনিস বার্গেন (13K009, "পিএস ৯") যেখানে প্রি-কিন্ডারগার্টেনের ৩টি সেকশনও রয়েছে, এবং ষষ্ঠ গ্রেড থেকে অষ্টম গ্রেড অবধি পরিষেবাদানকারী বিদ্যমান ডিওই মিডল স্কুল এমএস ৫৭১, বার্গেন আপার স্কুল (13K571, "এমএস ৫৭১") -এর সাথে সহাবস্থান করবে। "সহাবস্থান" কথাটার অর্থ দুই বা ততোধিক স্কুল একটি অভিন্ন ভবনে স্থাপিত এবং তারা অডিটোরিয়াম, জিমন্যাসিয়াম ও ক্যাফেটেরিয়ার মত বারোয়ারি স্থান পরস্পর ভাগাভাগি করে ব্যবহার করে থাকে। ডিওই ২০ ডিসেম্বর ২০১০ তারিখে প্রকাশিত একটি স্বতন্ত্র এডুকেশনাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট ("ইআইএস")-এ এমএস ৫৭১-কে নিম্নমানের কর্মসম্পাদনের ও ভালভাবে শিক্ষার্থীদের চাহিদাপূরণে দ্রুত উন্নতিকরণে ব্যর্থতার কারণে পর্যায়ক্রমে বন্ধ করে দেয়ার প্রস্তাব করেছে। এমএস ৫৭১ ডিস্ট্রিক্ট ১৩-এর মিডল স্কুল চয়েস অ্যাপ্লিকেশন প্রক্রিয়ার মাধ্যমে ষষ্ঠ গ্রেডে শিক্ষার্থী ভর্তি করে থাকে এবং এটি একটি ডিস্ট্রিক্ট চয়েস মিডল স্কুল। যদি এমএস ৫৭১ ক্রমান্বয়ে বন্ধ করে দেয়ার প্রস্তাব গৃহীত হয়, তাহলে ২০১০-২০১১ স্কুলবছর সমাপ্ত হওয়ার পর থেকে এমএস ৫৭১ আর ষষ্ঠ গ্রেডে শিক্ষার্থী ভর্তি করবে না। এসময় থেকে প্রতি বছর একটি করে গ্রেড বন্ধ করে দেয়া হবে। এমএস ৫৭১ ২০১১-২০১২ স্কুলবছরে সপ্তম ও অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের পরিষেবা দেবে। এমএস ৫৭১ ২০১২-২০১৩ স্কুলবছরে শুধু অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের পরিষেবা দেবে। স্কুলটি জুন ২০১৩-এর পর বন্ধ হয়ে যাবে।

পিএস ৯ একটি জোনভুক্ত এলিমেন্টারি স্কুল এবং কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড অবধি ৫৪৪ জন শিক্ষার্থীকে পরিষেবা দেয়। স্কুলটিতে প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচির ৩টি শাখাও আছে।

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট একটি বিদ্যমান সরকারি চার্টার স্কুল। এটি তার বর্তমান অস্থায়ী ঠিকানায় পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদের পরিষেবা দেয়। বর্তমান ঠিকানায় ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর স্থায়ীভাবে থাকার পরিকল্পনা ছিল না এবং স্কুলটির পক্ষে তার বর্তমান ঠিকানায় সম্প্রসারণ ও পূর্ণাঙ্গ রূপ গ্রহণ করাও সম্ভব নয়। যদি এই প্রস্তাব গৃহীত হয়, তাহলে ব্রুকলিন ইস্ট কলেজিয়েটের বর্তমান পঞ্চম গ্রেড কে০০৯ ভবনে স্থানান্তরিত হবে এবং, ২০১১-২০১২ স্কুলবছর থেকে, ব্রুকলিন ইস্ট কলেজিয়েট কে০০৯ ভবনে ষষ্ঠ গ্রেড চালু করবে আনুমানিক ৮০ জন শিক্ষার্থীকে পরিষেবা দেয়ার জন্য। ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ২০১২-২০১৩ স্কুলবছর থেকে, কে০০৯ ভবনে আনুমানিক ৮০ জন শিক্ষার্থীকে পরিষেবা দেয়ার জন্য সপ্তম গ্রেড চালু করবে । ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ক্রমান্বয়ে চালু হওয়ার চূড়ান্ত বছর ২০১২-২০১৩ থেকে, কে০০৯ ভবনে অষ্টম গ্রেড চালু করবে আনুমানিক ৮০ জন শিক্ষার্থীকে পরিষেবা দেয়ার জন্য। ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ২০১১৩-২০১৪ স্কুলবছরে যখন সম্প্রসারণ সম্পন্ন করে পূর্ণাঙ্গ রূপ নেবে তখন স্কুলটি কে০০৯ ভবনে পঞ্চম থেকে অষ্টম গ্রেডে

52 Chambers Street • Room 320 • New York, NY 10007
Telephone: 212-374-0209 Fax: 212-374-5588

আনুমানিক ৩০০-৩৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা দেবে।

ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ক্রমান্বয়ে পূর্ণাঙ্গ চালু হওয়া এবং এমএস ৫৭১ ক্রমান্বয়ে বন্ধ হয়ে যাওয়ার সময়ে ব্রুকলিন ইস্ট কলেজিয়েট পিএস ৯ ও এমএস ৫৭১ এর সাথে "সহাবস্থান" করবে। ব্রুকলিন ইস্ট কলেজিয়েট ক্রমান্বয়ে পূর্ণাঙ্গ চালু এবং এমএস ৫৭১ ক্রমান্বয়ে বন্ধ হয়ে যাওয়ার পর, ভবনটিতে পিএস ৯ ও ব্রুকলিন ইস্ট কলেজিয়েট যৌথভাবে আনুমানিক ৯৫০-১,০০০ জন শিক্ষার্থীকে পরিষেবা দেবে, যা ভবনটির ব্যবহার হার লক্ষ্যমাত্রার ৮৪%।

II. প্রস্তাবিত বিষয়টির পূর্ণাঙ্গ বিবরণ প্রাপ্তির স্থান সম্পর্কিত তথ্য।

এডুকেশনাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট ডিপার্টমেন্ট অব এডুকেশনের
http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2010-2011/Feb32011Proposals
ওয়েবসাইট -এ পাওয়া যাবে। ইআইএস-এর কপি এমএস ৫৭১, পিএস ৮ এবং ব্রুকলিন ইস্ট কলেজিয়েট-এর অফিস থেকেও সংগ্রহ করা যাবে।

III. জন অভিমত পেশ।

লিখিত অভিমত D13Proposals@schools.nyc.gov ঠিকানা বরাবর পাঠান যাবে।

মৌখিত অভিমত 212-374-0208 নম্বরে রাখতে হবে।

IV. প্রস্তাবিত বিষয়টি সম্পর্কে অবগত সিটি ডিস্ট্রিক্ট প্রতিনিধি, যার কাছ থেকে প্রাসঙ্গিক বিষয়ে তথ্য সংগ্রহ করা যাবে তার নাম, দপ্তর, ঠিকানা, ইমেইল ও টেলিফোন নম্বর।

নাম: Gentian Falstrom
Office: Division of Portfolio Planning
Address: 52 Chambers St
Email: D13Proposals@schools.nyc.gov
Phone: 212-374-0208

V. এই প্রস্তাব প্রসঙ্গে যৌথ প্রকাশ্য শুনানির তারিখ, সময় ও স্থান।

২৪ জানুয়ারি, ২০১১ সন্ধ্যা ৬:০০টা
M.S. 571
80 Underhill Avenue
Brooklyn, NY 11238

প্রস্তাব সম্পর্কিত প্রশ্ন উপরে অনুচ্ছেদে উল্লিখিত ব্যক্তির কাছে পাঠাতে হবে।

বক্তাদের নাম লেখা শূরু হবে শুনানির ৩০ মিনিট আগে এবং শেষ হবে শুনানি আরম্ভের ১৫ মিনিট আগে। দোভাষী পরিষেবার জন্য অনুরোধে অনুগ্রহ করে মিজ ফলস্ট্রমের সাথে উপর্যুক্ত ইমেইল ঠিকানায় বা ফোন নম্বরে যোগাযোগ করুন।

VI. প্রস্তাবিত বিষয়টির উপর প্যানেল ফা এডুকেশনাল পলিসি যে-বৈঠকে ভোট দেবে সেই বৈঠকের তারিখ, সময় ও স্থান।

৩ ফেব্রুয়ারি ২০১১ সন্ধ্যা ৬:০০টা
Brooklyn Technical High School
29 Fort Greene Place
Brooklyn, NY 11217